# স্বজন

Swajan of Great Lakes



Swajan of Great Lakes

শারদীয়

১৪৩১

The Mullick Foundation is a private family foundation based in Saline, MI.

The Mullick family has been supporting causes close to their heart for years. Prior to the formal formation of the foundation, they would come across issues in the community, friends in need, or stories about strangers seeking assistance, and do their part to help.

The Mullick Foundation was formed in May 2011 as an avenue to continue philanthropic endeavors as a family for many years to come.

## VALUES

**We believe that making a difference for even a handful of people will motivate them to do the same one day.**

**We believe in giving people a chance at opportunities they may otherwise not have.**

**We believe in our communities.**

## AREAS OF IMPACT

### WASHTENAW COUNTY

Giving back to the community where we live and work.

### INDIAN COMMUNITY

Promoting and supporting Indian people, organizations, and culture as a whole.

### YOUTH / EDUCATION

Providing young people with greater access to education and opportunities to grow.

**mullickfoundation.org**

# শারদীয় স্বজন

ষষ্ঠদশ বর্ষ। পঞ্চদশ সংখ্যা
১৪৩১। ২০২৪

Swajan of Great Lakes, Michigan, USA

**শারদীয় স্বজন**

ষষ্ঠদশ বর্ষ। পঞ্চদশ সংখ্যা

১৪৩১। ২০২৪

**প্রকাশক**

স্বজন অফ গ্রেট লেকস
মিশিগান, উত্তর আমেরিকা

**প্রকাশনা উপসমিতি**

দেব বন্দ্যোপাধ্যায়

শুভময় দাস

মণিদীপা মল্লিক

অনুপম ব্যানার্জী

**প্রচ্ছদ**

প্রীতি ভৌমিক

**শেষ প্রচ্ছদ**

মধুমিতা চ্যাটার্জী

**মুদ্রণ**

**গঠন**

অনুশ্রী ব্যানার্জী, নিওস্পেকট্রাম, অস্ট্রেলিয়া

# Swajan Governing Body 2024

***President***
Pritam Sarkar

***Vice President***
Sandip Mukherjee

***Prime Secretary***
Anupam Banerjee

***Joint Secretary***
Krisanu Bandyopadhyay

***Cultural Secretary***
Mithun Bhowmick

***Associate Cultural Secretary***
Tania Biswas

***Food & Hospitality Secretary***
Bhaswar Dutta

**Associate Food & Hospitality**

***Secretary***
Debashish Ray, Suman Mondal

***Chief Treasurer***
Anirban Sarkar

***Associate Treasurer***
Rajesh Chowdhury

***Principal Planner***
Jishnu Sen

***Senior Planner***
Mousumi Talukder

***Principal Auditor***
Joy Dattagupta

***Senior Auditor***
Abhijit Ghosh

## কৃতজ্ঞতা স্বীকার (Acknowledgment)

**Swajan recognizes and express sincere gratitude to you for your kind support and Contribution for 2024 Durga Puja**

- **Namita Bhanu Ankan and Arpan Bhattacharya**
- **Jayeeta Jishnu Ritom and Shayam Sen**
- **Kisa Babu Sreemona Shinjan and Sreyan Bandopadhyay**
- **Lalita Misra Ajay Pragya Divya and Jaya Choudhury**
- **Selvi Sanjib Shria Shriti and Ayushi Roy Chowdhury**
- **Norma Ashish Alicia Monica and Jay Sarkar**
- **Ritu Mukherjee Subrata and Srija Mahanta**
- **Sampa Sandip Sohan and Sampoorna Sarkar**
- **Sarmistha Bhaswar Annwita Ishan Saha**
- **Deblina Krisanu and Diya Bandopadhyay**
- **Shangrila Subhashish and Kinjal Dey**
- **Mousumi Sarkar Ashim Arnav and Ashna Talukdar**
- **Alokparna Anupam Aarya and Ayush Banerjee**
- **Mahua Abhijit and Ankush Ghosh**
- **Tania Kuntal Urshita and Urvi Biswas**
- **Shayanti Rajesh Rishik and Siya Chowdhury**
- **Mithun Priti and Apratim Bhowmick**
- **Soma Sandip and Suradip Mukherjee**
- **Jhumpa Pritam Pritisha and Priyan Sarkar**
- **Chayanika Dipankar and Dipakshi Pal**
- **Deepika Santanu Neha and Nisha Roy**
- **Anirban Ananya Arko and Ankita Sarkar**
- **Suchitra Debashish Udayan and Udita Ray**
- **Semanti Niladri Rishita and Riyana Chakraborty**
- **Kadambari Sourav and Srijan Kundu**
- **Anusree Vishnu Sneha and Stuti Shankar**
- **Fanny Raina, Joy and Praneeth Duttagupta**
- **Papiya Debashis Riju and Rimi Saha**
- **Dr Sangita Pradhan**







# *President's Message: 2024*

Dear All,

The festive week of Durga Puja is here. The fragrance of the orange and white flowers (শিউলি ফুল) mingles with the autumn breeze to herald Durga Puja, and here at the advent of autumn, days start becoming shorter, trees start changing color and shedding their leaves, leading to the wonderful time of the year with a packed festive season.

Reminiscing about childhood days with many fond memories over the years, family reunion during the puja days, making of narkol naru and kheer naru (sweets) during puja time, pandal hopping plans, the sheer joy of notun jama (new clothes) and new sharodia magazines ... ah yes! those days were beautiful and rejuvenating. Bishorjon (immersion) used to moisten our eyes and make us emotional due to the thought of Ma Durga leaving for her in-laws' place. We optimists, living abroad, celebrate a shortened version of Durga Pujo with the same passion, enthusiasm, and excitement, and will again reminisce about those beautiful memories.

I would like to express my heartfelt greetings and good wishes on the auspicious occasion of Durga Puja to everyone. The festival of Durga Puja signifies the triumph of goodness over evil, of awareness over ignorance, and of truth over falsity.

Maa Durga is Shakti Swarupa, and this festival is an opportunity to show respect for women's power. The nine forms of Goddess Durga represent the infinite power of Mother Nature. Currently it is a time for global solidarity and support for our societies, reviving our culture, establishing happiness, and restoring joy and prosperity. We firmly believe that Ma Durga will bestow her blessings upon us, eradicating all evils with her power and showering compassion upon all of humanity.



*Swajan of Great Lakes "Pujo Mondop"*


The Swajan Durga Puja is approaching its 17th year. We would like to reach out to all the larger audiences within the community to demonstrate the splendor of our beautiful celebration. All Swajan Governing Body members are working restlessly to provide you with a truly splendid, joyful experience in this pujo.

I express my sincere gratitude to all Swajan members who volunteer year after year in our fund-raising drive, to the pandal and decoration team who tirelessly create the exquisite “Pujo Mandap”, food and bhog preparation, to all our directors and choreographers, dancers, and singers who tirelessly prepare beautiful performances for Swajan’s cultural functions, to our volunteers in backstage who meticulously ensure the flawlessness of our cultural shows, ensure all Pujo arrangements are on time, design and create a Pujo magazine, and to our website/Tech team. A warm welcome to the new families in our community. It’s great to see many families coming forward in preparation for the biggest event of the year. None of this would have been possible without you all.

I wish everyone a happy and safe Durgo Pujo 2024, and I look forward to your gracious presence for those three days at Washtenaw Community College, 4800 E Huron River Dr, Ann Arbor, MI 48105. I pray to the Jagat Janani Maa Durga that she bestows her blessings upon all of us and may lead a life of happiness and prosperity. May our community bond continue to strengthen and grow each year.

শুভ শারদীয়ার প্রীতি ও শুভেচ্ছা

**Pritam Sarkar**
President, Swajan of Great Lakes
October 2024



# Phire Dekha – Swajan Picnic 2024



# Phire Dekha – Swajan Barsobaron 2024





# সূচীপত্র

**স্মৃতিচারণ**

| | | |
|---|---|---|
| তুহিনাংশু রঞ্জন দত্তগুপ্ত | **কালিকচ্ছ (স্মৃতির শৈশব)** | 10 |

**কবিতা**

| | | |
|---|---|---|
| জিষ্ণু সেন | **ফিরে দেখা** | 20 |
| দেব বন্দ্যোপাধ্যায় | **উৎসব** | 21 |

**পাঁচালী**

| | | |
|---|---|---|
| প্রণব সরকার | **আগমনীর আবির্ভাব [শ্রী শ্রী চন্ডী অবলম্বনে]** | 22 |

**গল্প**


| | | |
|---|---|---|
| সুললিতা চাকি | **আর জি কর** | 26 |
| দেব বন্দ্যোপাধ্যায় | **বিদায়, কালো ঘোড়া** | 28 |

**প্রবন্ধ ও গল্প**

| | | |
|---|---|---|
| ডঃ উৎপল ভদ্র | **সীমানার সচলায়তন, স্বস্তি আর খেসারৎ** | 37 |

**Art Gallery** 30-33

Rishik Choudhury, Prisha Guha, Samaira Nath, Ishanvi Das, Priti Bhowmick, Pritisha Sarkar, Priyan Sarkar.


কালিকচ্ছ
স্মৃতির শৈশব
তুহিনাংশু রঞ্জন দত্তগুপ্ত

# কালিকচ্ছ
# স্মৃতির শৈশব

তুহিনাংশু রঞ্জন দত্তগুপ্ত

# অর্ঘ্য

আমার মায়ের প্রিয় ছোট ভাই তুহিনাংশু রঞ্জন দত্তগুপ্ত। আমার ছোটমামা। কুমিল্লা জেলার (অধুনা বাংলাদেশ) ব্রাহ্মণবাড়িয়া সাব ডিভিশনের কালিকচ্ছ গ্রামের দত্তগুপ্ত পরিবারের স্বনামধন্য শিক্ষক নিকুঞ্জবিহারী দত্তগুপ্তের ছয় ছেলে, পাঁচ মেয়ে। আমার এই মামা হচ্ছেন সর্বকনিষ্ঠ এবং দাদুর একমাত্র জীবিত সন্তান। বয়স এখন ৯৩, এই বয়সেও উনি আগের মতই সমান কর্মঠ। যাদবপুরের ইঞ্জিনিয়ারিং এর স্নাতক কর্মসূত্রে মাইশোর শহরে গিয়ে সেখানকারই স্থায়ী বাসিন্দা হয়ে গেছেন। সব থেকে আশ্চর্যের ব্যাপার হলো এই বয়সেও তিনি একটি ইঞ্জিনিয়ারিং ফার্মের পরামর্শদাতা, এখনও নিজেই গাড়ি চালিয়ে ঘোরাঘুরি করেন।

আলোচ্য লেখাটি একটি চিঠি যাতে উনি বাল্যকালের/শৈশবের কালিকচ্ছ গ্রামের স্মৃতিচারণ করেছেন। কালিকচ্ছ একটি বর্ধিষ্ণু গ্রাম এবং সেখানকার খুব নামকরা পরিবার এই দত্তগুপ্ত পরিবার। বহু কৃতি সন্তান এই দত্তগুপ্ত পরিবারের, তার মধ্যে উল্লেখযোগ্য হলেন বিখ্যাত বিপ্লবী উল্লাসকর দত্ত। ভারতের কলকাতা, মাইশোরে বহু বছর কাটিয়ে এহেন কালিকচ্ছ গ্রামের স্মৃতি মামার মনিকোঠায় জ্বলজ্বল করছে। লেখাটি পড়লেই সেই সময়কার গ্রাম বাংলার ছবি চোখের সামনে ভেসে ওঠে। বর্ষার সময় নদীমাতৃক বাংলা যে কি রূপ নিত তার একটা আভাস এই লেখায় আছে। যেন গ্রামের এক একটা বাড়ি এক একটা দ্বীপ হয়ে থাকতো। আমার মার কাছে গল্প শুনেছি মায়েদের উল্লাসকরদা নিজে হাতে নৌকা বানিয়ে সেই নৌকায় দাদুর বাড়িতে দেখা করতে আসতেন। দেশ ভাগের স্মৃতি মামার মনে এখনও  দগদগে ঘা হয়ে রয়েছে।

আমাদের দুর্ভাগ্য, আমরা আমাদের মা বাবার জন্মস্থান দেখতে পারিনি। তাই ছোট মামার মেয়ে দেবদত্তা যখন আমাকে এই হাতে লেখা চিঠিটা দিল, পড়ে দেখলাম এত বছর পরেও এখনও  মামা ভীষণ স্মৃতিতাড়িত হয়ে রয়েছেন। মনে হলো এটা যদি ছাপিয়ে মামার হাতে তুলে দেওয়া যায় কেমন হয়। একটু চমকও হবে আবার একটা আমাদের দলিল হিসেবেও থেকে যাবে। আমার মার প্রিয় ভায়ের প্রতি আমার এই ছোট্ট উপহার শ্রদ্ধার সাথে অর্পন করছি।

১লা মে, ২০২৪ **সুগত চৌধুরী**

# শ্রী চরণেশু মীরা দি

আপনার চিঠি ও ভ্রমণের Article-টা পেয়ে খুবই ভালো লেগেছে। প্রথম ভেবেছিলাম চিঠির উত্তরটা সঙ্গে সঙ্গেই ফোন করে জানিয়ে দেব। পরে ভেবে দেখলাম আপনাকে ফোন করে জানানোর চেয়ে চিঠি দিয়ে উত্তরটা পাঠালে হয়ত আপনার ভালো লাগবে। যদিও জানি আমার ভাষার দুর্বলতা। তাই চিঠি লিখতে উৎসাহিত হই না। যাই হোক চেষ্টা করছি উত্তরটা চিঠির মারফত দিতে।

প্রথমত আপনাকে অসংখ্য ধন্যবাদ কারণ Article-টাতে কালিকচ্ছের কথা লেখা হয়েছে। পুরানো দিনের স্মৃতি হঠাৎ জেগে উঠেছে। অনেক কথাই মনে পড়ছে। যদিও Article-টাতে বিস্তারিত বিবরণ বেশি নাই। আমার স্মৃতির গ্রাম আর বর্তমান গ্রামের মধ্যে সময়ের ব্যবধানে অনেক পাল্টে গেছে। ৬৫ বৎসর আগে গ্রামের বাসিন্দা আর বর্তমান শহরের বাসিন্দার মধ্যে এত পার্থক্য যে, এখন প্রাচীন গ্রাম বাংলার কথা কেউ বুঝতেও পারবে না।

আমাদের গ্রাম, পূর্ব বাংলায়, যেখানে বছরে চার মাস জলের নীচে থাকে (আষাঢ়, শ্রাবণ, ভাদ্র ও আশ্বিন মাস) আবার অগ্রহায়ণ মাস থেকে জ্যৈষ্ঠ মাস পর্যন্ত সব জল কোথায় অদৃশ্য হয়ে যায়। তখন ধু ধু করে করে মাঠ। তখন বিশেষ করে গ্রীষ্মকালে জলের জন্য গ্রাম থেকে গ্রামান্তরে যেতে হয়। অবশ্য বৈশাখ মাসে ভয়ানক কালবৈশাখী ঝড় উঠে ও বহু গাছপালা ধ্বংস করে দিয়ে যায়।

বর্ষার সময় প্রত্যেকটা পাড়া, গ্রাম এক একটা দ্বীপে পরিণত হয়। এক পাড়া থেকে আরেক পাড়া যেতে হলে নৌকো ছাড়া গতি নেই। সবজি পাওয়াই যায় না। প্রচুর টাটকা ছোট মাছ পাওয়া যায়।

সাপের উপদ্রব বেড়ে যায়। মানুষ ও সাপের সহাবস্থান লক্ষ্য করার মত।

সাপুরেরা নানা রকমের সাপ বাড়ীর আনাচে-কানাচে থেকে ধরে পয়সা রোজগার করে। একটা ঘটনা মনে আছে। আমাদের বাড়িতে একটা কেউটে সাপ ও কুকুরের দ্বন্দ্ব দেখেছিলাম। আমাদের কুকুরটা বেশ জোরে জোরে চিৎকার করছে দেখে আমি ঘর থেকে বেরিয়ে এসে দেখি একটা কেউটে সাপ ফণা তুলে কুকুরটাকে আক্রমণ করছে। কুকুরটাও একটু পিছিয়ে ঘেউ ঘেউ করে। বেশ অনেকক্ষণ এমন চলছে। হঠাৎ আমি সাপ সাপ করে চিৎকার করে উঠলাম। আমার চিৎকার শুনে আমার দাদা লাঠি নিয়ে এসে সাপটাকে তাড়িয়ে দিল।

ছোটরা তখন কাগজের নৌকা কিংবা কাঁঠাল পাতা (অনেক পাতা পুরনো হলে নৌকোর আকার ধারণ করে) নৌকো জলে ভাসিয়ে খেলা করে। নৌকো করে বেড়ানো একটা ফ্যাশন। বাড়ির মেয়েরা (পর্দানশীন) আশেপাশের গ্রাম বা পাড়ায় সহজে যেতে পারত না, রাস্তার যানবাহন বেশি ছিল না। বর্ষার সময় ময়ূরপঙ্খী নৌকো করে আত্মীয়, বন্ধু-বান্ধবদের বাড়িতে যাওয়া একটা আনন্দের ব্যাপার ছিল। সঙ্গে ঝালমুড়ি, নারিকেল, বাতাবীলেবু, পেয়ারা, বাদাম ভাজা, ছোলা ভাজা - এসব তো থাকবেই। কেউ আবার হারমোনিয়াম নিয়ে গানের আসর জমাতো। নৌকো চলাকালীন বাচ্চারা কে কত শাপলা ফুল সংগ্রহ করতে পারে তার কম্পিটিশন হয়ে যেত। তবে শাপলা ফুল তোলারও একটা আর্ট ছিল।

বর্ষার সময় নৌকা দৌড় ছিল সবচেয়ে বেশি দর্শনীয় দৌড়। ৫০ বৈঠা, ৬০ বৈঠার (অর্থাৎ ৫০/৬০ জন লোকের একসঙ্গে বৈঠা দিয়ে জল ঠেলা) রঙ্গীন দৌড়ের নৌকো এক তালে বৈঠা চালাত, তা এক অপরূপ দৃশ্য। সঙ্গে টিকারার বাজনা ও গান। আমরা ও ছোট নৌকো নিয়ে (৭/৮ জন বালক) ছোটদের মধ্যে নৌকো দৌড় করতাম।

চারিদিকে কেবল জল আর জল। মাঝে মাঝে লোকবসতির দ্বীপ। অন্ধকার নেমে আসলে সবার মনেই আতঙ্ক ছড়িয়ে পরত। চারিদিক নিস্তব্ধ, ঘুটঘুটে অন্ধকার মাঝি কিন্তু ঠিক direction-এ নৌকা চালিয়ে যায়। অনেক সময় ঝুপ ঝুপ করে বৃষ্টি পড়ে। আবার ঝড়ো হাওয়াতে ঢেউ ভীষণ আকার ধারণ করে। ভয় ও আনন্দ মিশ্রিত নৌকো ভ্রমণ অনেকটা বর্তমানে Disneyland-এর journey to Pirate

Lands কথা মনে করে দেয়, পাল তোলা নৌকো Steamer-এর Speed-এ চলত। গাছ থেকে ফল পেড়ে খাওয়ার একটা আলাদা আনন্দ ছিল। আমার ইমিডিয়েট বড় দাদা লিচু গাছে মাছের জাল দিয়ে (বাদুড় ও ভামের হাত থেকে লিচু বাঁচাবার জন্য) জড়িয়ে দিত। ও গাছে উঠে ডালটাকে এমন ভাবে বেঁধে দিত যে কাক ও বাদুর লিচু খেতে পারত না। একদিন ও ব্যস্ত, আমি চুপিচুপি গাছে উঠে দুই পকেট লিচু ভরে ফেলেছি। এমন সময় ও লিচুর ডাল ভেঙে নীচে পড়ে গেছে। এই দেখে আমি চিৎকার করে সবাইকে ডেকে আনলাম। আমার দুই পকেট ভর্তি লিচু ধরা পড়বার ভয়ে সবার অগোচরে পালিয়ে গেলাম। যেহেতু গাছের ডালটায় প্রচুর লিচু ও পাতা ছিল তাই ওর গায়ে বেশি চোট লাগে নি। গ্রাম জীবনের প্রধান অঙ্গ পালা-পার্বণ। বারো মাসে তেরো পার্বণ। বৈশাখ মাসে মঙ্গলচন্ডী ব্রত, জ্যৈষ্ঠ মাসে জামাই ষষ্ঠী, আষাঢ় মাসে সাত খাবার (খাবারটার নাম মনে নেই), শ্রাবণ মাসে মনসা পূজা ভাদ্র মাসে বুড়ো বুড়ির ব্রত, আশ্বিন মাসে সংক্রান্তিতে শ্বাশুড়ি স্মরণে ব্রত ও সঙ্গে ৮ আনাজের ডাল। কার্তিক মাসে কার্তিক পূজা, অগ্রহায়ণ মাসে নবান্ন, পৌষ সংক্রান্তিতে পিঠে খাওয়া, মাঘ মাসে সরস্বতী পূজা, ফাল্গুন মাসে দোল পূর্ণিমা, চৈত্র মাসে গাজন ও চরক মেলা - তাছাড়া দুর্গা পূজা, লক্ষ্মী পূজা, কালী পূজা, সরস্বতী পূজা তো আছেই। প্রত্যেকটা পার্বণই ঘটা করে করা হত। এক এক সংক্রান্তিতে বিশেষ রকমের খাবার তৈরি হত।


এখন স্কুলে কখন যে পরীক্ষা নেই তা বলা খুবই কষ্টকর। আমাদের তা ছিল না। বৈশাখ মাসে দুই মাস গ্রীষ্মের ছুটি, তার আগেই 1st term exam. হয়ে যেত কাজেই সব স্কুল ছাত্ররা এই দুই মাস গাছে গাছে নয়ত গাছের নীচে ঘুরত অর্থাৎ আম, জাম, কাঁঠাল ও নানা স্থানীয় ফল পাওয়া যেত। পরীক্ষার চিন্তা নেই, কেবল খাওয়া ও খেলা, তারপর বর্ষা; জলে প্যান্ট গুটিয়ে স্কুলে যাওয়া, কোথাও আবার নৌকা ছাড়া স্কুলে যাবার উপায় থাকে না। দুর্গা পূজার আগে 2nd terminal হয়ে যেত। এরপর অগ্রহায়ণ মাসে ফাইনাল পরীক্ষা, তারপরে আবার ছুটি। ছাত্রদের সারা বছর পরীক্ষার ঠেলায় অস্থির হতে হত না। তারা অনেকেই একসঙ্গে মিলে আনন্দ ও খেলা করার সময় পেত। এখনকার ছেলেদের মত ঘরে বসে একা একা কম্পিউটার গেম খেলা আবিষ্কারও হয়নি। গ্রামের খেলা বলতে দ্বারবন্ধা, হাডুডু,

দৌড় খেলা ছুট, মার্বেল ডাঙ্গগুটি, দৌড়, সাঁতার, চোর পুলিশের খেলা (নামটা মনে নেই), ফুটবল খেলা, ব্যাডমিন্টন খেলা, লুডু খেলা, যোলঘর খেলা (অনেকটা দাবা খেলার মত), লুকোচুরি খেলা (কয়েকটা বাড়ি নিয়ে খেলা হত), কুস্তি লড়া, ঘুড়ি উড়ান, নৌকা নিয়ে কম্পিটিশন, পুঁটি মাছ ছিপ দিয়ে ধরার কম্পিটিশন, লাট্টু খেলা, মার্বেল খেলা।

স্কুল থেকে ছুটি হলে দৌড়ে বাড়ি ফিরে ভাত খেয়ে চটপট গেঞ্জি পড়ে ফুটবল মাঠে যেতাম। সেখান থেকে সন্ধ্যার সময় বাড়ি ফিরে পুকুরে স্নান করতাম। জল থেকে উঠতে ইচ্ছে হত না। তখন হয়ত মা ছড়ি হাতে আমাদের জল থেকে উঠে আসতে তাড়া করত। কোনো দিন খেলার মাঠ থেকে ফিরতে দেরী হলে বাবার হাতে মার খেতে হত।

গ্রাম বাংলার ভোর বেলা থেকে সন্ধ্যা পর্যন্ত খুবই আনন্দে কাটানো যেত। সন্ধ্যা হলেই অন্ধকার ঘনিয়ে আসত। তখন রাস্তাঘাট খুঁজে পাওয়াই কষ্টকর। সবচেয়ে বড় ভয় ছিল সাপের। অন্ধকার হয়ে গেলে গাছপালা যেগুলি দিনের বেলায় সৌন্দর্যের প্রতীক ওগুলো দেখতে মনে হয় ভুত বা দানো। বিশেষ করে কয়েকটা গাছ অনেক সময় মনে হত কেউ ঘোমটা মাথায় অন্ধকারে বসে আছে। আমরা ঐ গাছের নীচ দিয়ে যাবার সময় রাম নাম নিয়ে দৌড়ে ওই জায়গাটা পার হতাম। আবার জোৎস্না রাতে ঐ গাছের নীচ দিয়েই কত আনন্দে পাড় হয়ে যেতাম।

আমাদের প্রথম ফুটবল খেলা শুরু হয় পুরানো কাগজ ও কাপড়ের টুকরো দিয়ে তৈরি বল দিয়ে আমাদের ভেতর বাড়িতে। বাড়িটার একটা ছক দিলাম।




এখনকার মত সারা বৎসর যাবৎ স্কুলে পরীক্ষা ছিল না। আমাদের সময়ে 1st terminal– 2nd terminal ও final পরীক্ষা হত। Final পরীক্ষা ডিসেম্বর মাসের প্রথম দিকে হত। এখনকার মত আমাদের সময়ে electric বাতি ছিল না। কেরোসিন লণ্ঠন, মাটির প্রদীপ, রেড়ীর তেলের প্রদীপ ছিল। যুদ্ধের সময় কেরোসিন পাওয়াই যেত না। কাজেই রেড়ীর তেলের প্রদীপেই পড়াশোনা করতে হত। প্রদীপের একটা সমস্যা ছিল, আমরা তিন ভাই একসঙ্গে পড়তাম। প্রদীপের আলো চারিদিকে সমানভাবে পড়ত না। তাই নিয়েও গোলমাল। শেষ পর্যন্ত মাকে এসে আলোর সমস্যার সমাধান করতে হত।

আমার ছোটবেলায় যুদ্ধ (World War No.2), দুর্ভিক্ষ, মহামারী তারপর Partition of Bengal. আমরা পূর্ববাংলার, তাই স্বাধীনতার আনন্দ একেবারেই উপভোগ করতে পারলাম না।

যুদ্ধের ফলে সমস্ত কিছুরই দাম হু হু করে বেড়ে গেল। কোন কিছুই পাওয়া যেত না। তারপরেই ব্রিটিশের তৈরি দুর্ভিক্ষ। প্রায় ৫০,০০০ লোক মৃত্যুমুখে পতিত হয়েছিল। দুর্ভিক্ষ একা আসে না, সঙ্গে মহামারী নিয়ে আসে। কি এক অসহায় দৃশ্য! কি করে যে আমরা বেঁচে গেলাম তা এক আশ্চর্যের ব্যাপার। তার পরই riot. যে হিন্দু-মুসলমান এতদিন একসঙ্গে ছিল, হঠাৎ তারা একে অপরকে খুন করতে ইতস্তত করল না। সে যে কি এক অসহায় অবস্থা! মানুষ জানতো না যে সে কাল বেঁচে থাকবে কিনা। প্রত্যেক পাড়াতেই এক একটা দুর্গ তৈরি হয়ে গেল। কি করে অপর ধর্মের লোকের আক্রমণ প্রতিরোধ করা যায়। আমরা ছোটরা কিছুটা thrilled ও কিছুটা ভয়ে থাকতাম। বড়রা সবসময়ই চিন্তা করত কি করে সবাইকে protection করা যায়। কিছু শুভদৃষ্টি সম্পন্ন লোক (দুই ধর্মেরই) কট্টরপন্থীদের সামলাতে ব্যস্ত থাকত। মিটিং করা, কেউ যেন অপর ধর্মের প্রতি কোন আঘাত না করে। যাইহোক একদিন প্রাকৃতিক নিয়মে আতঙ্কের দিন কেটে গেল। শুরু হল partition, এ যে মানুষের জীবনের কত বড় অভিশাপ। মানুষ নিজের এত বছরের পৈতৃক ভিটে বাড়ি, জমি জায়গা, ব্যবসা - সব ছেড়ে এক কাপড়ে পালিয়ে গেল। ভাবলে এখনও গায়ে কাঁটা দিয়ে ওঠে, আমি যখন পূর্ববাংলা থেকে পশ্চিমবাংলায় আসি তখন গেদে স্টেশন-এ (পূর্ববাংলার শেষ স্টেশন)-এর একটা checking room-এ একটি টেবিলে এত সোনার গহনা দেখলাম যা ১০০টা সোনার দোকানেও পাওয়া যাবে না। কাউকে সোনার গহনা ও ১০০ টাকার বেশি সঙ্গে নিতে দিত না। মানুষ জানতো না West Bengal-এ, তারা কি করে বেঁচে থাকবে? মানুষ কিন্তু এত দুঃখ কষ্টের মধ্যেও বেঁচে আছে। এ যেন ভগবানের এক আশ্চর্য লীলা।

---

কালিকচ্ছ : স্মৃতির শৈশব ❑ ৮



তুহিনাংশু রঞ্জন দত্তগুপ্ত। জন্ম ২১শে জুন, ১৯৩১। আশুতোষ কলেজ থেকে আই এ পাশ করার পরে যাদবপুর ইউনিভার্সিটি থেকে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং। পরবর্তীকালে 'সিইএসসি'-তে তারপর 'এমএমসি' কোম্পানিতে যোগদান।

প্রথমে কলকাতায়, পরে পশ্চিমবঙ্গের কারখানা বন্ধ হলে মাইশোরে স্থানান্তরিত হন এবং সেখানেই পুরোপুরি বসবাস শুরু করেন। মেয়ে দেবদত্তা ও ছেলে জয় মাইশোরেই পড়াশোনা করে নিজ নিজ জায়গায় সুপ্রতিষ্ঠিত। চার্টার্ড ইঞ্জিনিয়ার তুহিনাংশু দত্তগুপ্ত 'এইচএমটি'র মত বিখ্যাত কোম্পানিগুলোর ভ্যালুয়েশন করেন। আশ্চর্যের বিষয় ৯৩ বছর বয়সেও তিনি সদা তরুণ এবং মাইশোর পলিমার কোম্পানির কনসালটেন্ট ইঞ্জিনিয়ার।

# জিষ্ণু সেন

## ফিরে দেখা

নিউমার্কেটের মুখে
আজ তিরিশ বছর পরে,
মুখের আদল গেছে বদলে
হিন্দিতে বাংলা কথা চলে,
শাড়ি এখন স্কার্ট
বনলতা সেন তাই কিম কারদাশিয়ান!

নিউমার্কেটের পাশে
আজ তিরিশ বছর পরে,
আজও খুঁজি রাজকুমারীকে
দুঃখ গুলোকে হারিয়ে
সুখ গুলো লুকিয়ে, অন্ধকারে
বৃষ্টি নামে হঠাৎ করে।

নিউমার্কেটের শেষে
আজ তিরিশ বছর পরে,
বিদ্যুতের আগুনে
আচম্বিতে দেখি কাকে
সম্বিত ফিরল ক্লান্ত হকারের ডাকে
দিন হয়ে আসে শেষ নিউমার্কেটে।

# দেব বন্দ্যোপাধ্যায়

## উৎসব

একটা কাঠামো
তাতে বাঁধা কাপড়
লাল সাদা নীল গেরুয়ার কারুকাজ
গড়েছি মঠ মন্দির, গড়েছি মসজিদ গির্জা
গড়েছি সৌধ, অট্টালিকা ... রাজভবনের মতো
কক্ষ, কক্ষের মধ্যে আরও আরও কক্ষ
মাঝে অপরূপ বন্দিনী, রক্তাক্ত
দশ দশটা হাত তার এক শরীরে বাঁধা

ভেসে আসছে উদ্দাম তালের সংগীত
প্রতিধ্বনি প্রবেশ করছে আমার শরীরে
তালে তাল দিল সে ... কি অপরিহার্য ... কি তেজি
আজ আর মাপছি না রক্তে হরিলুটের শর্করা
কি মিষ্টি কি মিষ্টি কি মিষ্টি ... এই মৃত্যু
মাঝে কেঁপে কেঁপে উঠে বাঁশের কঙ্কাল...

# প্রণব সরকার

## আগমনীর আবির্ভাব
## [শ্রী শ্রী চন্ডী অবলম্বনে]

প্রথমে বন্দনা করি শ্রীগুরুর চরণ

মহিষ-মর্দিনীর কথা করিব বর্ণন শোনো সর্বজন।

সর্বজন দিয়ে মন দেবীর উপাখ্যান মহাবিশ্বে বিশ্বরূপে সদা দৃশ্যমান দেবী নৈকা নামে।

নৈকা নামে ধরাধামে মহাভয়নাশিনী মহাসংকট কালে তিনি সংকট প্রশমনী করুনার মূর্তিমতি।

মূর্তিমতী দেবী সতী দক্ষের নন্দিনী দেবতার অজ্ঞাত যিনি মাতৃস্বরূপিণী আজ্ঞেয়ারূপে।

আজ্ঞেয়ারূপে সুখে-দুঃখে সবারই অন্তরে অন্তহীন অলক্ষা তিনি ব্রহ্মাণ্ড মাঝারে তাকে অনন্তা বলে।

অনন্তা বলে জলে স্থলে শূন্যের অভ্যন্তরে যার জন্ম বৃত্তান্ত কেহ বলিতে না পারে তাই অজা বলে।

অজাবলে ধরাতলে আর্তরে উদ্ধারে মাতৃরূপে সংস্থিতা মানবের অন্তরে তিনি একাকিনী। একাকিনী অদ্বিতীয়া দুর্গতিনাশিনী জ্ঞানের মধ্যে চিন্ময়াতীতা শূন্যসাক্ষীনি দেবী শূন্যের মাঝে।

শূন্যের মাঝে রণসাজে মর্তে আগমন দশভূজা পূজার কথা করি নিবেদন শোনেন সুধীজনে।

সুধীজনে কায়মনে ভগবতী কথা তিনিই চন্ডী, তিনিই কালি তিনিই জগৎমাতা দেবী দুর্গানামে। দুর্গানামে ধরাধামে হইলেন আবির্ভূতা কী কারণে মহাবিশ্বে সর্বাগ্রে পূজিতা কহিলেন মার্কেন্ডেয়।

মার্কেন্ডেয় মহাঋষি তিনি মহাজ্ঞানী সূর্যপুত্র অষ্টম মনুর জন্মের কাহিনী কহিলেন সবিস্তারে।

সবিস্তারে চরাচরে ছিলেন অধিপতি স্বয়ংসৃষ্ট অষ্টম মনুর বংশ পরিচিতি রাজা স্বরোচিষ।

স্বারোচিষ মন্বন্তরের সুরথ রাজ্যের কথা, দন্ডনীতি কঠোর হলেও প্রজাবাৎসল পিতা রাজা ভুমন্ডলে বাহুবলে রাজা বলীয়ান কোলা বিধ্বংসী ক্ষত্রিয় সেনা করে অভিযান রাজা পরাস্ত হইল।

পরাস্ত হইয়া প্রাণ বাঁচাইতে করে পলায়ন পাত্রমিত্র সৈন্য সামন্ত করিল লুন্ঠন রাজার রাজভাণ্ডার।

রাজ ভান্ডার রাজ প্রাসাদ ছারি আপনজন সর্বহারা সুরথ রাজা করিল গমন মৃগয়ার অন্বেষণে ।

অন্বেষণে গভীর বনে দেখিলেন রাজন মুনির আশ্রম সেথায় অতি মনোরম দ্বিজবর মেধা ঋষি ।

মেধা ঋষি আশ্রমবাসী শিষ্যবেষ্ঠিত নানা বর্ণের ফুল ফলে আশ্রম শোভিত, হিংস্র জীবজন্তু ।

জীবজন্ত হিংসাত্যাগী করে বিচরণ সদানন্দ বিরাজ করে আশ্রম প্রাঙ্গণ শান্তির উপবনে।

উপবনে ক্ষুন্নমনে দেখিয়া রাজারে যথাসাধ্য সমাদর করিলেন তাহারে দ্বিজবর মেধাঋষি।

মেধাঋষি আশ্রমবাসী সকল শিষ্যসনে পরিচিত হইয়া রাজন ভাবেন মনে মনে রাজ্যের সুরক্ষার কথা।

সুরক্ষার কথা বড় ব্যথা রাজার অন্তরে পূর্ব পুরুষের শাসিত রাজ্য শত্রুর অধিকারে রাজা সর্বশান্ত।

সর্বশান্ত দুশ্চিন্তিত ব্যথিত অন্তরে অতীতের স্মৃতিকথা ভুলিতে না পারে আপন ভাগ্যদোষে। ভাগ্যদোষে অবশেষে এই পরিণতি আপন কর্মের কথা ভাবেন অধিপতি আশ্রম অঙ্গনে।

অঙ্গনে আনমনে করেন বিচরণ সেথায় এক বৈশ্যরে দেখিলেন রাজন বরই শোকাহত।

শোকাহত বৈশ্যরে প্রীতি সম্ভাষণে জিজ্ঞাসিল কি কারণে আগমন এই বনে শোনাও সবিস্তারে। সবিস্তারে প্রত্যুত্তরে প্রণতি রাজারে কহিলেন জন্ম মোর ধনী পরিবারে তার নাম সমাধি।

নাম সমাধি আমি অতি দুঃখ নিয়ে মনে পরিবার পরিত্যক্ত হয়ে ভ্রমিতেছি বনে জুড়াইতে মনের জ্বালা।

মনের জ্বালা বড় জ্বালা মায়াময় সংসারে স্ত্রী, পুত্র বিষয় আশয় পরিত্যাগ করে শান্তির অন্বেষণে।

অন্বেষণে এই স্থানে দেখিলাম আশ্রম পত্রপুষ্পে সুসজ্জিত অতি মনোরম কিন্তু শান্তি কোথায়? শান্তি কোথায় কি করি হায় ভাবি মনে মনে কেমন আছে কি করিছে পরিবার পরিজনে তারা কি বিপথগামী ?

বিপথগামী অন্তর্যামী জানেন সেই কথা মায়াজালে বদ্ধ আমি মনে বড় ব্যথা ভুলিব কি প্রকারে।

কি প্রকারে এ সংসারে মায়ার বন্ধন ছিন্ন করে মুক্ত হয় মানব জীবন কি সেই তত্ত্ব কথা।

তত্ত্বকথা একই ব্যথা রাজার অন্তরে পূর্বপুরুষের শাসিত রাজ্য শত্রুর অধিকারে রাজা রাজ্যহারা।

রাজ্যহারা গৃহছারা সমাধির সনে উপনীত হইলেন ঋষির আশ্রম প্রাঙ্গণে তারা একই সাথে।

একই সাথে নমস্কার করিলেন দুই জনে – কহিলেন কষ্টের কথা যাহা ছিল মনে শুনিয়া মেধা ঋষি।

মেধাঋষি কহিলেন, হে মহামতে সকল প্রাণীর ইন্দ্রিয়জ্ঞান আছে এ জগতে ভিন্ন ভিন্ন রূপে।

ভিন্নরূপে বাচ্চার মুখে দিয়ে শস্যদানা কতনা অভুক্ত প্রাণী শূন্যে মেলে ডানা শুধু মোহের বশে।

মোহের বশে পশু, পাখি প্রাণী আছে যত সবারই বিষয় জ্ঞান মানুষেরই মত তারা কিছুই চায়না।

কিছুই চায়না কিছুই পায়না সম্বল শুধু বাসা জ্ঞানী হইয়াও মানুষের সীমাহীন প্রত্যাশা শুধু লোভের বশে। লোভের বসে আপন দোষে কষ্ট পায় অন্তরে প্রতিদানের আশায় তারা সন্তান কামনা করে হয়েও মহাজ্ঞানী।

মহাজ্ঞানী মহাজন জগৎ সংসারে আসক্তির আবর্তে যুক্ত মোহের অন্ধকারে মহামায়ার প্রভাবে।

মহামায়ার প্রভাবে জগৎপতি স্বয়ং প্রভাবিত ভগবান বিষ্ণুর যোগনিদ্রায় জগৎ মোহিত দেবী ভগবতী।

ভগবতী জ্ঞানীদের চিত্তাকর্ষণ করে বলপুর্বক মোহাবৃত করেন চরাচরে দেবী প্রসন্ন হলে।

প্রসন্না হলে ইহকালে করেন বরদান ঈশ্বরের ঈশ্বরী তিনি সদা বিদ্যমান দেবী পরমেশ্বরী।

পরমেশ্বরী মহামায়া তিঁনিই জগৎ মাতা কিরূপে জগৎ মাঝে হইলেন আবির্ভুতা জিজ্ঞাসিল রাজন।

জিজ্ঞাসিল রাজন হে ভগবান জানতে ইচ্ছে করে –

কে সে দেবী কি তাঁর স্বরূপ ব্রহ্মাণ্ড মাঝারে শোনেন সবিস্তারে।

সবিস্তারে স্নেহভরে কহিলেন দ্বিজবর শোন তবে মনোযোগে মহাঅধিশ্বর মহামায়ার কথা।

মহামায়ার কথা তিঁনিই মহাবিশ্বের মাতা তিঁনিই নিত্যা তিঁনিই জন্ম মৃত্যুরহিতা দেবী সর্বব্যাপিনী। সর্বব্যাপিনী সে কাহিনী শোনোহে রাজন দেবতাদের কার্যউদ্ধারে তিনিই প্রকট হন তাকে উৎপন্না বলে।

উৎপন্না বলে কল্পান্তে একার্ণব (মহাসাগর) জলে সমগ্র জগৎ নিমগ্ন হইল মহাপ্রলয় কালে ভগবান অনন্ত শয্যায়।

অনন্ত শয্যায় শায়িত বিষ্ণু নাগশয্যা পড় নাভিপদ্মে বিরাজ করেন পরম ঈশ্বর প্রজাপতি। ব্রহ্মা রূপে সর্বজীবে করিছেন পালন ব্রহ্মা, বিষ্ণু, শিব নাম করিয়া ধারণ ভগবান যোগনিদ্রায়।

তাঁর নিদ্রাকালে কর্ণমলে অসুর জন্ম নিলো ভয়ঙ্কর মধু, কৈটভ, হুঙ্কার ছারিল করিতে ব্রহ্মা নিধন। ব্রহ্মা নিধন প্রভু জনার্দ্দন যোগ নিদ্রায়মান নিদ্রানিবাসিনীর স্তব করিলেন ভগবান সৃষ্টিকর্তা ব্রহ্মা। সৃষ্টিকর্তা কায়মনে করিলেন স্তুতি রক্ষা কর সৃষ্টি স্থিতির দেবী ভগবতী নারায়ণ নিদ্রামগ্ন।

নিদ্রামগ্ন শ্রীহরিরে করিয়া জাগ্রত রক্ষা কর জগন্ময়ী এ মহা জগৎযোগ নিদ্রারুপা। নিদ্রারূপা সৃষ্টিকালে তুমি সৃষ্টিরূপা পালনকালে স্থিতিরূপা সংহার শক্তিরূপা তুমি প্রলয়কালে। প্রলয়কালে ভূমণ্ডলে তুমি মহাস্মৃতি, মহাবিদ্যা, মহামায়া তুমি ভগবতী তুমি মহামেধা।

মহামেধা, মহাদেবী মহামোহরূপা তুমি স্বাহা, তুমিই স্বধা, তুমিই ঘোররূপা দেবী মহাসুরী।

মহাসুরী, মহারাত্রী, মহোরাত্রীও তুমি তুমিই শ্রী তুমিই হ্রী তুমি অন্তর্যামী দেবী সর্বময়ী।

সর্বময়ী সত্ত্বঃ, রজ, তমঃ সৃষ্টিকারী, পুষ্টি, তুষ্টি, শান্তি ক্ষমার দেবী পরমেশ্বরী তুমি সবার উপরে।

সবার উপরে ব্রহ্মাণ্ডরে ধারণ করে আছ ব্রহ্মা, বিষ্ণু, রুদ্রকেও শরীর গ্রহণ করিয়াছ তুমি মহাশক্তি। মহাশক্তি তোমার স্তুতি কি রূপে সম্ভব ভগবান বিষ্ণু নিদ্রাবিষ্ট কে করিব স্তব প্রভাবে প্রশংসিত। প্রশংসিত জাগরিত কর জগদীশ্বরে মোহগ্রস্ত কর দেবী মধুকৈটভরে প্রবৃত্তি সৃষ্টি করে। সৃষ্টি করে সৃষ্টিকর্তা ভগবান বিষ্ণুর নিদ্রাদেবী নির্গত হলেন নিধনে অসুর ব্রহ্মার দৃষ্টি গোচরে।

দৃষ্টি গোচরে মহাসমুদ্রে অনন্তশয়ান, যোগনিদ্রা ভঙ্গ করেন জগন্নাথ ভগবান শয্যাত্যাগ করে। ত্যাগ করে অসুরদ্বয়ে দেখিলেন সম্মুখে, ভক্ষণে উদ্যত তারা সৃষ্টিকর্তাকে আরক্ত চক্ষে।

আরক্ত চক্ষে শ্রীবিষ্ণুকে দেখিয়া হইল ক্রুদ্ধ পরাক্রমশালী অসুরদ্বয় করিল বহুযুদ্ধ পাঁচ বছর ধরে। পাঁচ বছর যুদ্ধ করে তারা অতি প্রীত মহামায়ার মহিমাতে হইল বিমোহিত কহিল, শ্রীবিষ্ণুকে। শ্রীবিষ্ণুকে কহে ডেকে ওহে শক্তিমান তোমার বীরত্বে তুষ্ট মোরা করিব বর দান, বর প্রার্থনা কর।

প্রার্থনা আর কি করিব কহিলেন জনার্দ্দন বদ্ধ বিনা অন্য বর নাহি প্রয়োজন এই অভিপ্রায় তার। অভিপ্রায় ব্যক্ত করিলেন কমল নয়ন, প্রবঞ্চিত অসুরদ্বয় কহিল তখন জগৎ জলমগ্ন।

জলমগ্ন হয়নি বিশ্বের এমন কোন স্থান আমাদের নিধন করে ওহে নারায়ণ, তবে তাই হোক, তাই হোক বলে আপন উরুর ওপর অসুরের মাথা দুটি রাখিলেন ঈশ্বর, সুদর্শন চক্র দিয়ে-চক্র দিয়ে মস্তক দুটি করিল ছেদন এই রূপে মহামায়া আবির্ভূতা হন ব্রহ্মার আহ্বানে।

আহ্বানে ত্রিভুবনে হইলেন আবির্ভূতা সর্বলোকে সে কারণে সর্বাগ্রে পূজিতা দেবী মহামায়া।

মহামায়ার মহিমার কথা কহিলেন মেধা ঋষি যার মাহাত্ম্যে মোহিত ভুবন মুগ্ধ জগৎবাসী শোন মহারাজা।

মহারাজা ও বৈশ্যরে দিলেন উপদেশ কায়মন – বাক্যে তার তপস্যায় কর মনোননিবেশ দেবী মহামায়ার।

মহামায়া ইহলোকে ভোগের অধিকারী পরলোকে স্বর্গ তথা মোক্ষ প্রদানকারী কহিলেন মেধা ঋষি।

মেধা ঋষি উপদেশে সুরথ রাজার সনে বৈশ্য – সমাধি প্রবৃত্ত হইলেন তপস্যায় নির্জনে দেবী সুক্ত জপে। সুপ্ত জপে পুষ্প দ্বীপে ক্ষীর সাগর তটে মৃন্ময়ী মূর্তি নির্মাণ করে অঞ্জলি দিলেন ঘটে যাগযজ্ঞ করে।

যজ্ঞ করে ভক্তি করে পূজা সমাপনে মনে প্রাণে ধ্যানমগ্ন হলেন দুইজনে দেবীর আরাধনায়। আরাধনায় তুষ্ট হয়ে দিলেন দর্শন কহিলেন দেবী কি কারণে পূজার আয়োজন বর প্রার্থনা কর।

প্রথমে প্রার্থনা করিলেন রাজা মহাশয় তার রাজ্য যেন জন্মান্তরে চিরস্থায়ী হয় শত্রু বিনাশ করে। বিনাশ করে এ সংসারে সমাধি বিরক্ত আপন জনের আচরণে বৈশ্য অনুতপ্ত প্রার্থনা তত্ত্বজ্ঞানের। জ্ঞান বিনা অভিমান কিবা প্রয়োজন আমার আমি এসব কেবল মায়ার বন্ধন মুক্ত কর দেবী।

মুক্ত করে তারে বর দিলেন বরদাত্রী মনোবাঞ্ছা পূর্ণ হবে আলোর পথযাত্রী ব্রহ্মজ্ঞান লাভে।

ব্রহ্মজ্ঞান লাভে পূর্ণ হবে আপন অভিলাষ।

নৃপতিরে দিলেন বর হবে শত্রুনাশ, রাজ্য ফিরে পাবে।

ফিরে পাবে স্থায়ী ভাবে অধিকৃত রাজ্য স্বয়ং সৃষ্ট জন্ম হবে জন্মের উৎস সূর্য সার্বণিক মনু নামে।

মনু নামে ধরাধামে হইবে আভির্ভূত এই বর দিয়ে দেবী হইলেন অন্তর্হিত মাতা মহামায়া। মহামায়ার পূজার কথা করিলাম বর্ণন জয়ধ্বনি কর দেবীর কর সর্বজন বল জয় মা দুর্গা।

দুর্গা মা কি জয়।।

With Complements from;

VANI FOODS



38350 West 10 Mile Rd,
Farmington Hills, MI 48335
(Between Haggerty and Halsted)

Tel: (248) 919 0062

Web: www.vanifood.com

Open from 10:30am to 9:00pm

# সুললিতা চাকি

## আর জি কর

কথায় বলে আর নিদ্রা ভয়, যত বাড়াবে তত হয় ! তা, সেই ভয় বস্তুটা কিঞ্চিৎ বেড়ে গেছে। ধরুন অফিসে কাজ করছি, হঠাৎ হিমশীতল স্রোত নামে মেরুদণ্ড দিয়ে। যে আমায় যদি কেউ এখন হঠাৎ করে এসে শেষ করে দিয়ে যায়, সাংঘাতিক যন্ত্রণা দিয়ে এই বর্ণ, গন্ধ, রূপ থেকে সরিয়ে দেয় আমায় ? তাহলে জন্মের শোধ আর কচি বাচ্চাটার শিশু গন্ধ এই নাকে পাবনা ! জীবনেও আর, জীবন বেঁধেছি যে ছেলেটার সাথে, তার সাথে খুনসুটি করতে পারবনা। চেষ্টা করেও আর কোনোদিন এয়ারপোর্টের দরজা দিয়ে বাবা মা বেরিয়ে আসছেন হাসি মুখে, দেখতে পাবনা। পেটুক আমি, কোনোদিনও আর সোয়াই মাছের সর্ষে বাটা ঝোলে লঙ্কা টিপে খেতে পারবনা ! কোনোদিনও আমি আর "নিকুচি করেছে সংসার এর, চলেই যাবো আজ" বলতে পারবোনা ! কোনোদিনও আর কোনোভাবেই শাড়ি নাকি কুর্তি এই বাছাবাছি করতেই পারবনা। কোনোদিনই আর কোন বন্ধুর খিল্লীতে, মহা খিল্লীর যোগান দিতে পারবনা। এই অজস্র তুচ্ছ, খুব ছোট ছোট "আছে" রা যে, "আর নেই" এইটা হতে পারে, সেই সম্ভাবনাতেই আমার রক্ত জমে বরফ হয়ে যায় ! কিন্তু অহেতুক এমন কুচিন্তক আমি কখনই নই। সাধ করে কে নিজের মনকে শাস্তি দেয় এমন ! কিন্তু মুশকিল হয়েছে, এই ভয় হয়েছে তিলোত্তমা চলে গিয়ে।

না ভুল বললাম, তিলোত্তমা চলে যাননি। এই ঝোলা ভর্তি ছোট ছোট ভালোলাগা, আরাম, আদর, আবেগ থেকে মানুষের চলে যেতে প্রবল খারাপ লাগে। কিন্তু তবুও মানুষ স্বেচ্ছায় চলে যান। অন্য প্রসঙ্গ। কিন্তু তিলোত্তমা তো চলে যাননি স্বেচ্ছায় ! ওনাকে চলে যেতে বাধ্য করা হয়েছে ! আর ভয়টা আমার লাগে ঠিক এইখানে ! ইচ্ছের বিরুদ্ধে তুচ্ছ কাজে মন লাগেনা, সামান্য পোশাক ছাড়তে মন লাগেনা – তো না জানি কেমন লাগে তাহলে জীবন ছাড়তে ! কেমন লেগেছিল ওনার জীবন ছাড়তে !

বেড়াতে যাই যখন, যেখানেই যাই, যত দূরে, যত অসামান্য জায়গায় যাই, যতই সাধের মধ্যে সবচেয়ে ভালো হোটেলের বিছানায় শুই কিছু দিন পর থেকে বাড়ি ফেরার একটা কড়া টান বুকের মধ্যে শুরু হয়ে যায়। বাড়িতে ঢুকি, আহ শান্তি ! ওই আমার সাধের জানালা। ওই আমার ছোট গাছটা। এই আমার বাড়ির গন্ধ যা কেবল আমরা থাকি বলেই বাতাসে মিশে তৈরি হয়েছে। বাড়ি ঢুকেই নাকে ঝাপটা মারে সেই গন্ধ আর বুঝি যে নিজের কাছে ফিরে এসেছি ! বরফ হয়ে যাই এই ভেবে যে ওই বাড়িটার বাতাসে তিলোত্তমার গন্ধটা ফিকে হয়ে আসছে ! কারণ, নিজের কাছে আর ফিরবেন না উনি !

